

# একাদশে ভর্তি : কলেজ পাননি জিপিএ ৫ পাওয়া ২৯৫ শিক্ষার্থী

অনলাইন ডেস্ক



ফাইল ছবি

২০২৫-২৬ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিতে তৃতীয় ধাপের ফল প্রকাশ করা হয়েছে। শেষ ধাপে একাদশে ভর্তির জন্য মনোনীত হননি ৫ হাজার ২৪০ জন শিক্ষার্থী। তাদের মধ্যে জিপিএ ৫ পাওয়া শিক্ষার্থীর সংখ্যা ২৯৫ জন।

বুধবার (৩ সেপ্টেম্বর) সন্ধ্যা সাড়ে ৬টার পর কেন্দ্রীয় ভর্তির ওয়েবসাইটে এ ফল প্রকাশ করা হয়।

সারা দেশের ৩৭৬টি কলেজ ভর্তির জন্য একজন শিক্ষার্থীও পায়নি। আর ১৬টি কলেজে কোনো শিক্ষার্থী ভর্তি হওয়ার আগ্রহই দেখাননি।

ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের কলেজ পরিদর্শক ও একাদশে ভর্তি কমিটির সমন্বয়কারী অধ্যাপক মো. রিজাউল

হক এ তথ্য নিশ্চিত করেছেন।

তিনি জানান, শিক্ষার্থীরা ভর্তির কেন্দ্রীয় ওয়েবসাইটে প্রবেশ করে  
শিক্ষার্থীরা ফল দেখতে পারবেন।

সেক্ষেত্রে আবেদনকারী শিক্ষার্থীকে নিজের ইউজার আইডি ও  
পাসওয়ার্ড দিয়ে লগইন করতে হবে। এ ছাড়া আবেদনের সময়  
শিক্ষার্থীদের দেওয়া মোবাইল ফোন নম্বরেও ফলাফল  
এসএসএসের মাধ্যমে পাঠানো হচ্ছে।

গত ২৮ আগস্ট রাতে একাদশে ভর্তির দ্বিতীয় ধাপের ফল প্রকাশ  
করা হয়। সেসময় আবেদন করেও কলেজ না পাওয়া শিক্ষার্থীর  
সংখ্যা ছিল ১০ হাজার ৮২৬ জন।

তাদের মধ্যে এসএসসিতে জিপি-৫ পাওয়া শিক্ষার্থী ছিলেন এক  
হাজার ৪১৮ জন

ভর্তি নীতিমালা অনুযায়ী-তিন ধাপে আবেদন করে নির্বাচিত  
হওয়াদের কলেজে চূড়ান্ত ভর্তির প্রক্রিয়া শুরু হবে আগামী ৭  
সেপ্টেম্বর, যা চলবে ১৪ সেপ্টেম্বর পর্যন্ত। এর পরের দিন ১৫  
সেপ্টেম্বর একাদশ শ্রেণিতে ক্লাস শুরু হবে।